মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
----

**নম্বর:** ৩৭.১১.৪০৪১.০০০.৪৪২.১২.০০০৩.২১.৪০

তারিখ: ৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সভার নোটিশ**

বিষয়: **২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের খসড়া কপি অনলাইনে আপলোড ও সংশোধন করা প্রসঙ্গে**

এতদ্দ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের খসড়া কপি ২৭-১০-২০২৫ খ্রি. তারিখ থেকে ১০-১১-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধনের জন্য অনলাইনে প্রকাশ করা হবে। উক্ত নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের খসড়া কপি যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের (www.jessoreboard.gov.bd) Our Service অপশনে প্রবেশ করে Draft Reg. Card-24_25 তারপর স্ব স্ব কলেজের EIIN নম্বর এবং পাসওয়ার্ড দ্বারা প্রবেশ করে উল্লিখিত সময়ের মধ্যে ডাউনলোড করা যাবে। উল্লিখিত সময়ের মধ্যে কোনো শিক্ষার্থীর নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের বিষয়/বিভাগ/ছবি সংশোধনের প্রয়োজন থাকলে বিষয়/বিভাগ/ছবি পরিবর্তন বা সংশোধনের নির্ধারিত আবেদন ফরমে (ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আবেদন ফরম পাওয়া যাবে) আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদনপত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি এবং নিবন্ধিত বিষয় যাচাই করে অনলাইনে এ বোর্ডের ওয়েবসাইটে Our Service অংশে Institute Panel থেকে Group & Subject Change লিংকে শিক্ষার্থীর আবেদন সাবমিট করবেন। শিক্ষার্থীর প্রার্থীত বিষয় সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা যাচাই করে নিশ্চিত হয়ে আবেদন সাবমিট করতে হবে। অনলাইনে আবেদন সাবমিট করার পর সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে অটো জেনারেটেড রশিদে নির্ধারিত ৮০০/- (আটশত টাকা) ফি পরিশোধ করতে হবে।

বি.দ্র. :বিষয় নির্বাচনের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম-২০১২ এর একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয় কাঠামো অনুসরণ করে শাখাভিত্তিক তিনটি নৈর্বাচনিক এবং শাখাভিত্তিক একটি ঐচ্ছিক বিষয় নির্বাচন করতে হবে।

আবেদন দাখিলের লিংক : institute.jessoreboard.gov.bd->Group & Subject change->Create Application

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সংশোধনের পর এবং উল্লিখিত সময়সীমা অতিবাহিত হওয়ার পর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেনিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের চূড়ান্ত কপি যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.jessoreboard.gov.bd) অনলাইনে আপলোড করা হবে। যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Our Service অপশনে প্রবেশ করে Final Reg. Card-24_25 তারপর স্ব স্ব কলেজের EIIN নম্বর এবং পাসওয়ার্ড দ্বারা প্রবেশ করে উল্লিখিত সময়সীমা অতিবাহিত হওয়ার পর ডাউনলোড করা যাবে।

এমতাবস্থায়, উপরিল্লিখিত সময়ের মধ্যে নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের ভুলত্রুটি সংশোধন করার জন্য এবং উল্লিখিত সময়সীমা অতিবাহিত হওয়ার পর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ডের চূড়ান্ত কপি অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ড সংশোধনপূর্বক ডাউনলোড/প্রিন্ট করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভুত কোনো প্রকার জটিলতা তৈরী হলে তার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২১-১০-২০২৫
এস. এম. তৌহিদুজ্জামান
কলেজ পরিদর্শক
০২৪৭৭৭৬২৬৯৮
ic@jessoreboard.gov.bd

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার) , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। একান্ত সচিব , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৩। সেকশন অফিসার (চলতি দায়িত্ব), কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।